

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩০২৯

পরিচ্ছেদঃ ১৭. দ্বিতীয় অনুচ্ছেদ - হাদিয়া (উপহার) ও হিবার (অনুদান) প্রসঙ্গে

## আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «ثَلَاثٌ لَا تُرَدُّ الْوَسَائِدُ وَالدُّهْنُ وَاللَّبَنُ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ غَرِيبٌ قِيلَ: أَرَادَ بالدهن الطّيب

#### বাংলা

৩০২৯-[১৪] ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তিন প্রকার জিনিস ফিরিয়ে দেয়া যায় না- বসার গদি বা বালিশসমূহ, তেল ও দুধ। (তিরমিযী)[1] ইমাম তিরমিযী (রহঃ) বলেন, হাদীসটি গরীব। কেউ বলেছেন, তেল অর্থে এখানে সুগন্ধিকে বুঝিয়েছেন।

# ফুটনোট

[1] হাসান : তিরমিয়ী ২৭৯০, সহীহাহ্ ৬১৯, সহীহ আল জামি' ৩০৪৬, মুখতাসার আশ্ শামায়িল ১৮৭।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (ثَاَرَثُ لَا تُرَدُّ) অর্থাৎ- তিন প্রকারের উপহার অতি নগণ্য হওয়া এবং উপহার দাতার কষ্ট কম হওয়ার কারণে এ উপহারগুলো ফেরত দেয়া উচিত হবে না।

ত্বীবী বলেনঃ বসার গদি, সুগন্ধি এবং দুধ দ্বারা তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) মেহমানকে সম্মান জানানো উদ্দেশ্য করছেন, আর তা হলো অল্প অনুদান স্বরূপ উপহার, সুতরাং এগুলো ফেরত দেয়া উচিত হবে না। (তুহফাতুল আহওয়াযী ৭ম খন্ড, হাঃ ২৭৯০)

### হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন